গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
আইসিটি শাখা
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম'-এর কারিগরি সমস্যা নিরসন সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	কাজী দেলোয়ার হোসেন পরিচালক
সভার তারিখ	১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি:
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	ট্রাস্টের সম্মেলনকক্ষে (কক্ষ নং-২১৫)
উপস্থিতি	সংযুক্ত-১

সভাপতি সভায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারের মাধ্যমে ২০১৯-২০, ২০১৮-১৯ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের নিকট হতে ২০২২ সালের উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণকালে উদ্ভুত বিভিন্ন কারিগরি সমস্যা নিরসনের উপায় নির্ধারণের উদ্দেশ্যে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে কর্মরত সফটওয়্যার বিষয়ে কারিগরি প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়। আজকে উক্ত কমিটি'র প্রথম সভায় উপস্থিত কমিটি সদস্যবৃন্দের সুচিন্তিত মতামতের ভিত্তিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম-আরো নিরাপদ, কার্যকর ও ব্যবহারকারী বান্ধব করার উদ্যোগ নেয়া হবে।

সভাপতি ই-স্টাইপেন্ড সিস্টেম ব্যবহারে উদ্ভুত কারিগরি সমস্যাদি উপস্থাপনের জন্য ট্রাস্টের প্রোগ্রামার জনাব রাজিবুল হাসানকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব রাজিবুল হাসান ই-স্টাইপেন্ড সিস্টেম ব্যবহারে শিক্ষার্থী পর্যায়ে উদ্ভুত সমস্যা এবং সিস্টেম এডমিন পর্যায়ে চিহ্নিত ও পর্যবেক্ষিত নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি পর্যায়ক্রমে তুলে ধরেন। সভায় উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্র.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	শিক্ষার্থী লগইন সংক্রান্ত সমস্যা	স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীগণ http://estipend.pmeat.gov.bd লিংক ব্যবহার করে 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম'-এ নিবন্ধন ও আবেদন এর সময় লগইন করতে না পারার কারণে হেল্পডেস্কের নম্বরগুলোতে যোগাযোগ করে। বিষয়টি জানার পর প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে কারিগরি সমস্যা যাচাই করে দেখা গেছে যে, শিক্ষার্থীর আইডি ও পাসওয়ার্ড দিয়ে অনেকবার চেষ্টা করার মাধ্যমে লগইন ও আবেদন করতে পারে। সিনেসিস আইটি লিমিটেডের হেড অব সফটওয়্যার ডেভেলপমেন্ট এন্ড ইমপ্লিমেন্টেশন জনাব শাহজালাল এবিষয়ে বলেন, প্রোগ্রামিং ত্রুটিজনিত সমস্যাটি চিহ্নিত করা হয়েছে কিন্তু মূল সার্ভারে ইমপ্লিমেন্ট করা হয়নি। প্রোগ্রামিং ত্রুটিজনিত সমস্যাটি ২০/২/২০২২ তারিখের মধ্যে সমাধান করে তা মূল সার্ভারে যুক্ত করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করা হয়।	ক) সিনেসিস আইটিকে ১৭/২/২০২২ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা ইমেইল প্রেরণ করতে হবে; খ) আগামী ২০/২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের কাজ শেষ করে রিপোর্ট করতে হবে;

২.	সিস্টেমে অনাকাংক্ষিত ইউজার তৈরি	‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’-এর এডমিন প্যানেল অপারেশন এর সময় দেখা যায় যে, সিস্টেমে একটি অনাকাংক্ষিত ইউজার তৈরি করা হয়েছে যা ট্রাস্টের কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক তৈরি করা হয়নি। এর ফলে সিস্টেমের নিরাপত্তা হুমকির সম্মুখীন হয়। বিষয়টি সিনেসিস আইটি লিমিটেড এর কারিগরি টিমকে তদন্ত করে দেখতে বলা হয় এবং এডমিন প্যানেলের পাসওয়ার্ড পরিবর্তনপূর্বক এটি শুধু ট্রাস্টের আইসিটি শাখার প্রোগ্রামারের নিকট রাখা হয়। সিনেসিস আইটি লিমিটেডের পক্ষে জনাব মোঃ শাহজালাল বর্ণিত বিষয়ে জানান যে, ট্রাস্ট কর্তৃক চিহ্নিত ইউজারটি সিনেসিসের ডেভেলপমেন্ট টিম থেকে করা হয়। ট্রাস্ট হতে এটি জানানোর পর তা বন্ধ করে দেয়া হয়েছে এবং পরে তা মুছে দেয়া হয়েছে। সভায় সুপারিশ করা হয়ে যে, এখন থেকে ট্রাস্ট-কে অবহিত করা ছাড়া সিনেসিস আইটি কর্তৃক এ জাতীয় কোন ইউজার তৈরি করা হবে না।	লাইভ সার্ভারে সিনেসিস আইটি লি. কোন প্রকার টেস্টিং ইউজার তৈরি করবে না;

৩.	‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’ এ সাইবার আক্রমণ	‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’-এর মাধ্যমে উপবৃত্তির আবেদনের শেষ তারিখ ছিল গত ১০ ফেব্রুয়ারি ২০২২। কিন্তু ১০/০২/২০২২ তারিখ মধ্যরাত ১২:০০ টার পর থেকে ১০/০২/২০২২ তারিখ প্রায় সারাদিন সার্ভার বন্ধ থাকায় অনেক শিক্ষার্থী উপবৃত্তির আবেদন করতে পারেনি এবং সমস্যাটি’র জন্য তারা ট্রাস্টের হেল্পলাইনে এবং কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে। পরে জানা যায় যে, সিস্টেমটি উক্ত সময়ে সাইবার আক্রমণকারীদের আক্রমণের শিকার হওয়ায় গুরুত্বপূর্ণ তথ্য যাতে হ্যাক না হয় সেজন্য সিনেসিস আইটি লিমিটেড এর পক্ষ থেকে সার্ভার সাময়িক সময়ের জন্য বন্ধ রাখা হয়েছিল। পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জরুরি নির্দেশনা মোতাবেক আবেদনের সময়সীমা দুইদিন বর্ধিত করা হয় এবং আবেদন গ্রহণের জন্য সার্ভার ১২/০২/২০২২ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত উন্মুক্ত রাখা হয়। ‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’-এর কারিগরি টিম এর মাধ্যমে সার্ভার এর তথ্য উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায়, সার্ভারে সাইবার অ্যাটাক হয়েছে যা ব্রুট ফোর্স অ্যাটাক হিসেবে ধারণা করা হয়। হ্যাকার ও সাইবার আক্রমণকারীরা দেশ ও দেশের বাইরের বিভিন্ন স্থান থেকে সিস্টেমটি এক্সেস করার চেষ্টা করছে। ফলে শিক্ষার্থীরা উপবৃত্তির আবেদনের সময় সমস্যার সম্মুখীন হচ্ছে। সভায় উপস্থিত সিনেসিস আইটি লিমিটেডের জনাব মো: শাহজালাল জানান, সিস্টেম হ্যাক হয়নি, তবে প্রোগ্রামিংয়ে ভুল এবং সিস্টেমে লগ ঠিকভাবে সংরক্ষণ না করার কারণে কোন ইউজার থেকে, কোন আইপি থেকে কখন তৈরি করা হয়েছে তা বিস্তারিত জানা যাচ্ছে না। তিনি বলেন প্রথমে ধারনা করা হয়েছিল যে, সাইবার অ্যাটাক বা ব্রুটফোর্স অ্যাটাক হয়েছে; যার জন্য ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে উপবৃত্তির আবেদনের শেষ দিনে বিষয়টি এনালাইসিস করার জন্য সার্ভার বন্ধ রাখেন। পরে পরীক্ষা করে দেখা গেল যে, সফটওয়্যারে কোন ব্রুটফোর্স অ্যাটাক হয়নি। জনাব মো: শাহজালাল এসময় নিশ্চিত করেন যে, সফটওয়্যারটিতে আর ব্লকেজ হবে না। বিসিসি’র এনালিস্ট (সার্টিফিকেশন) জনাব বিশ্বজিৎ তরপদার বলেন, Software Quality Testing and Certification (SQTC) Center থেকে কোয়ালিটি টেস্টিং করানো এবং সার্টিফিকেশন নেওয়া হলে বর্তমান সমস্যা তৈরি হতো না। এছাড়া, নিরাপত্তার প্রশ্ন এসেছে বিধায় Vulnerability Assessment and Penetration Testing (VAPT) করা জরুরি। তিনি পরামর্শ দেন যে, বিসিসি’র Software Quality Testing and Certification Center (SQTC) ও ভিএপিটি (VAPT) করার পরে সফটওয়্যারটিকে লাইভে আনা সমীচীন হবে। VAPT করতে কতদিন সময় লাগতে পারে এ জিজ্ঞাসার জবাবে বিসিসি প্রতিনিধি জানান যে, দাপ্তরিকভাবে চিঠি দেয়ার পর ১৫ দিন লাগে, তবে উক্ত সময়ে VAPT টেস্টের রিপোর্টের জন্য অপেক্ষা না করে একই সময়ে SQTC টেস্ট করিয়ে নেয়ার পরামর্শ দেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দদ এ প্রস্তাবে ঐকমত্য পোষণ করেন।	ক) নির্দিষ্ট সময় পর ইউজারের সেশন স্বয়ংক্রিয়ভাবে লগআউট হওয়ার বিষয়টি সিনেসিস আইটি সিস্টেমে অন্তর্ভুক্ত করবে; খ) সফটওয়্যারে অথেন্টিকেশন ও অথোরাইজেশন লগ বাস্তবায়ন করার বিষয়টি সিনেসিস আইটি সিস্টেমে অন্তর্ভুক্ত করবে; গ) ‘ই-স্টাইপেন্ড সিস্টেম’-এর জন্য বিসিসি’র এসকিউটিসি (SQTC) থেকে টেস্টিং করার জন্য ট্রাস্টের আইসিটি শাখা জরুরি উদ্যোগ গ্রহণ করবে; ঘ) বিসিসি’র BGD e-GOV CIRT এর মাধ্যমে ভিএপিটি (VAPT) করার জন্য ট্রাস্টের আইসিটি শাখা উদ্যোগ গ্রহণ করবে;
বিবিধ:			

৪.	সিস্টেম অডিট লগ	সভাপতি ই-স্টাইপেন্ড সিস্টেমে কে কখন ঢুকেছিল, কি করেছিল সেটি যাতে দেখা যায় এমন ব্যবস্থা আছে কিনা তা জানতে চান। সিনেসিস আইটি লিমিটেডের জনাব মো: শাহজালাল বলেন, সিস্টেম হতে ইউজার অ্যাক্টিভিটি দেখার জন্য লোড ব্যালান্সার এ অডিট লগ সংরক্ষণ করা থাকে যার ইউজার ও আইপি ইনফরমেশন সফটওয়্যারে ইমপ্লিমেন্ট করার কাজ চলমান রয়েছে। এসপিএফএমএস এর সিনিয়র আইটি কনসালট্যান্ট জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম শাহিনও এর প্রেক্ষিতে বলেন, সিস্টেমে ডিলিট বা মোছার অডিট ট্রেইল থাকা উচিত। সিনেসিস আইটি লিমিটেড এর সিনিয়র প্রোগ্রামার জনাব তমাল মাহাদী এ প্রসঙ্গে বলেন, কোন সার্ভার থেকে কোন আইপি দিয়ে লগইন করার চেষ্টা করছে তার অডিট লগ দেখার ব্যবস্থা সফটওয়্যারে আছে। ট্রাস্টের প্রোগ্রামার জনাব রাজিবুল হাসান বলেন, সিনেসিস হতে শুধু সার্ভারের http access log ফাইল দেয়া হয়েছে যা দেখে কিছু বোঝা যাচ্ছে না। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সিনিয়র সিস্টেম এনালিস্ট খন্দকার আজিজুর রহমান এসময় ডাটাবেজ লেভেলে কোন লগ রাখা হয়েছে কিনা তা জানতে চান। এ প্রসংগে ট্রাস্টের প্রোগ্রামার বলেন, ডাটাবেজ লেভেলে কোন লগ রাখা হয়নি। সিনেসিস-এর পক্ষে মো: শাহজালাল জানান, যে এক্সেস লগ ফাইল দেয়া হয়েছে সেটা দেখে বিস্তারিত বোঝা সম্ভব নয়। সিস্টেমটি পরবর্তী ধাপের জন্য চালুর পূর্বেই ডাটাবেজ লেভেলের অডিট লগের ব্যবস্থা চালু করা হবে।	সিনেসিস আইটি লিমিটেড 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম'-এ অডিট লগ পূর্ণাঙ্গরূপে দেখার ব্যবস্থা অন্তর্ভুক্ত করবে যেখানে সিস্টেমে ডিলিট বা মোছার অডিট ট্রেইল থাকবে।
৫.	রিয়েলটাইম ডেটা ব্যাকআপ, রিস্টোর, অডিট লগ ও সেশন সংক্রান্ত	জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইসিটি) অভিমত ব্যক্ত করেন যে, রিয়েলটাইম ডেটা ব্যাকআপ নিশ্চিত করতে হবে। অডিট লগ কিভাবে ইমপ্লিমেন্ট করা হয়েছে তা দেখাতে হবে। পরিচালক (আইসিটি) জানতে চান, ইউজার এর সাথে সিস্টেম এর সেশন সংক্রান্ত বিষয়টি অন্তর্ভুক্ত করা আছে কিনা অর্থাৎ একজন ইউজার অনেকক্ষণ সিস্টেমে লগইন থাকলে নির্দিষ্ট সময় পর তার সেশন স্বয়ংক্রিয়ভাবে লগআউট হয়ে যাবে এটি থাকা আবশ্যক। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সিনিয়র সিস্টেম এনালিস্ট খন্দকার আজিজুর রহমান জানতে চান যে, রিয়েলটাইম ডেটা ব্যাকআপ রিস্টোর করার পদ্ধতি সিস্টেমে অন্তর্ভুক্ত করা আছে কিনা। মো: শাহজালাল এ প্রসঙ্গে বলেন, রিয়েলটাইম ডেটা ব্যাকআপ বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে। প্রতিদিন ২৪ ঘন্টা পরপর ডেটা ব্যাকআপ নেয়া হয়। ব্যাকআপ রিস্টোর হয় কিনা সেটা স্টেজিং সার্ভারে দেখাতে হবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।	(ক) সিনেসিস আইটি-কে রিয়েলটাইম ডেটা ব্যাকআপ নিশ্চিত করতে হবে; (খ) ডেটা ব্যাকআপ রিস্টোর সিনেসিস আইটি নিশ্চিত করবে;
৬.	এসএসএল সার্টিফিকেশন সংক্রান্ত	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সিনিয়র সিস্টেম এনালিস্ট খন্দকার আজিজুর রহমান ই-স্টাইপেন্ড সিস্টেমে এসএসএল সার্টিফিকেশন ইমপ্লিমেন্টেশন করা আছে কিনা জানতে চাইলে মো: শাহজালাল বলেন, সফটওয়্যারের এসএসএল সার্টিফিকেশন এর ব্যবস্থাও করতে হবে। ট্রাস্ট থেকে অর্থ পরিশোধ করা হলে এটি সিনেসিস আইটি লিমিটেডের উদ্যোগে করে দেয়া হবে বলে তিনি সভাকে জানান।	সিনেসিস আইটি লিমিটেড 'ই-স্টাইপেন্ড সিস্টেম'-এ এসএসএল সার্টিফিকেশন বাস্তবায়ন করবে;

উল্লিখিত বিষয়সমূহ আগামী ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে অতি দ্রুত সম্পাদন করার জন্য সভাপতি সিনেসিস আইটি'র প্রতি অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী দেলোয়ার হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৫.৩২.০০১.১৯.২৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮
২৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (আইসিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়
২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫) এনালিস্ট (সার্টিফিকেশন), চলতি দায়িত্ব, ডাটা সেন্টার, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৬) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম শাহিন, আইটি কনসালটেন্ট, স্কীম ফর ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্স সার্ভিসেস থ্রু ইমপ্লিমেন্টেশন অব বিএসিএস অ্যান্ড আইবাস++, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবেল সার্ভিস ডেলিভারি (SPFMS)
৯) জনাব মোঃ শাহ জালাল, হেড অব সফটওয়্যার ডেভেলপমেন্ট এন্ড ইম্প্লিমেন্টেশন, সিনেসিস আইটি লিমিটেড, কাওরান বাজার, ঢাকা
১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

রাজিবুল হাসান
প্রোগ্রামার